



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৪/ ৮৫৫২

তারিখ: ২৫/১২/১৪

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান

সূত্র : (ক) কলেজের পত্র নং -২০১৪/০৫, তারিখ: ২৬/১১/১৪।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের অধিশাখা -৯ (কলেজ-৪) এর স্মারক নং -৩৭.০০৯.০১৮.০৫.০০৩.২০১৩(অংশ-২)/৩৫২, তারিখ: ৩০/১০/১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন “পুকুরজানা আলহাজ্ব মোঃ ইসহাক আলী জোমাদ্দার কলেজ”-এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতিসহ নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহে আগামী ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০১৬ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের জন্য পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর দ্বাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতিসহ পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে। ((নথির ০৬ নং অনুচ্ছেদে ০৩/১২/২০১৪ তারিখ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন))

শাখা ও বিষয় সমূহ

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্ব্যক্তিক বিষয়

ক) বিজ্ঞান শাখা : পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত।

খ) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, সমাজ কর্ম এবং সমাজ বিজ্ঞান।

গ) ব্যবসায় শিক্ষা শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন।

ঘ) সকল শাখার জন্য : কৃষি শিক্ষা।

শর্তাবলী :

১। কলেজটি স্ব অর্থায়নে পরিচালিত হবে এবং ভবিষ্যতে এমপিও দাবী করা যাবে না।

২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে।

৩। আগামী ০১ মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন পূর্বক শিক্ষা বোর্ড থেকে অনুমোদন নিতে হবে।

৪। এটি ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে নজির হিসেবে বিবেচিত হবে না।

৫। ব্যক্তি নামে নামকরণের জন্য এককালীন জমাকৃত ১৫০০০০০/ (পনের লক্ষ্য) টাকার তহবিলটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/নির্বাহী কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

৬। নামকরণ তহবিলের অর্থ উত্তোলনের পূর্বে প্রতিষ্ঠানের উন্নয়ন কর্মসূচী মহাপরিচালক, মাউশি, ঢাকা কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

৭। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি, এর ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং ৫০% পাস করতে হবে।

৮। জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক শিক্ষক/কর্মচারী নিয়োগ করে হবে।

৯। বিধি মোতাবেক ভবন ও আসবাবপত্র তৈরী করতে হবে।

১০। পৃথক গ্রন্থাগার তৈরী করে কাম্য সংখ্যক পাঠ্য ও সহায়ক বই রাখতে হবে।

১১। বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১২। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।

১৩। সংরক্ষিত এবং সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ রাখতে হবে।

১৪। এ অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।

১৫। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ অনুমতি স্থগিত/ বাতিল করতে পারবে।

২৫. ১২. ২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

অধ্যক্ষ

পুকুরজানা আলহাজ্ব মোঃ ইসহাক আলী জোমাদ্দার কলেজ

ডাকঘর : পুকুরজানা, উপজেলা ও জেলা: পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ